

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৮. ফাতওয়া প্রদানে অনীহা

بَابُ كَرَاهِيَةِ الْفُتْيَا

## আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، أَنبَأَنَا أَبُو هِشَامٍ الْمَخْزُومِيُّ، حَدَّثَنَا وُهَيْبٌ، حَدَّثَنَا دَاوُدُ، عَنْ عَامِرٍ قَالَ سُئِلَ عَمَّارُ بْنُ يَاسِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، عَنْ مَسْأَلَةٍ فَقَالَ: " هَلْ كَانَ هَذَا بَعْدُ؟ قَالُوا: لَا، قَالَ: دَعُونَا حَتَّى يَكُونَ، فَإِذَا كَانَ، تَجَشَّمْنَاهَا لَكُمْ

رجاله ثقات غير أنه منقطع عامر الشعبي لم يسمع من عمار

## বাংলা

১২৫. আমির রাহিমাহুল্লাহ হতে বর্ণিত, তিনি বলেন, আম্মার ইবনু ইয়াসার রাদ্বিয়াল্লাহু আনহুকে কোন একটি মাস'আলা জিজ্ঞেস করা হয়েছিল, তখন তিনি বলেন, এখন পর্যন্ত কি এটা সংঘটিত হয়েছে? তারা বলল, না। তিনি বললেন, তাহলে এটি না ঘটা পর্যন্ত আমাদেরকে এ বিষয়ে প্রশ্ন করা ছাড়ো। আর যখন তা ঘটবে, তখন তোমাদেরকে তা জানানোর দায়িত্ব আমরা গ্রহণ করবো।'[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর বর্ণনাকারীগণ সকলেই বিশ্বস্ত। তবে এর সনদে বিচ্ছিন্নতা (ইনকিতা) রয়েছে। আমির শা'বী আম্মার থেকে কিছু শোনেননি।

তাখরীজ: খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ২/৮; মুত্তাকী আল হিন্দ, কানযুল উম্মাল ৮৯০৫।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন